

মুসলিম

ইসলাম অর্থ আত্মসমর্পন, নিরাপত্তা ও শান্তি।

আল্লাহর বিধানের কাছে পরিপূর্ণ আত্মসমর্পন করার নাম ইসলাম। ইসলাম গ্রহন ও ইসলামী শারীআ'হ মত জীবন যাপনের বিনিময়ে পরকালের অন্তহীন জীবনে পাওয়া যাবে অফুরন্ত সুখ তথা শান্তিময় জান্নাত।

আল্লাহর বিধানের কাছে পরিপূর্ণ ভাবে আত্মসমর্পন করে রাসূল সাঃ কর্তৃক আনিত আদর্শের সকল কিছুকে সম্পূর্ণ রূপে মান্যকারীকে শারীআ'হর পরিভাষায় মুসলিম বলা হয়। পক্ষান্তরে এই আদর্শের সামান্য কিছুকে অমান্য বা অবজ্ঞা করীকে বলা হয় কাফির।

মুসলিম তিন প্রকার। যথাঃ-

১. মুঅমিনঃ যে মুসলিম সকল প্রকার ত্বাণ্ডতকে প্রত্যাখ্যান করে আল্লাহর বিধানকে অন্তর দিয়ে মেনে নিয়েছে, মনে প্রাণে ভালবেসেছে এবং সে অনুযায়ী জীবন যাপন করেছে সেই মুঅমিন। আখেরাতে যে অধিকারী হবে নিয়ামত পূর্ণ জান্নাতের।

২. ফাসিকঃ যে মুসলিম সকল প্রকার ত্বাণ্ডতকে প্রত্যাখ্যান করে আল্লাহর বিধানকে অন্তর দিয়ে মেনে নিয়েছে, মনে প্রাণে ভালবেসেছে তবে জীবনে বাস্তবায়নের ক্ষেত্রে গাফিলতি করেছে সে ফাসিক। পরকালে সে মহা-বিপদের সম্মুখীন হবে। আপন কৃত-কর্মের সাজা হিসাবে জাহান্নাম তার জন্য অবধারিত হবে। তবে আল্লাহর বিশেষ ক্ষমা ও দয়া এবং নেক লোকদের সুফারিশে তাদের অনেকেই মুক্তি পাবে। বাকিরা জাহান্নামে শাস্তি ভুগের পর মুক্তি পাবে।

৩. মুনাফিকঃ যে বাহ্যত মুসলিম এবং এবং ইসলামী বিধান মত জীবন যাপন করলেও ত্বাণ্ডতকে প্রত্যাখ্যান করেনি, আল্লাহর বিধানকে মনে-প্রাণে মেনে নেয়নি, ভালবাসেনি সে মুনাফিক। এরা মুঅমিনদের চেয়ে কাফিরদের বেশী ভালবাসে এবং ইসলামী সমাজব্যবস্থার উপর কুফরী সমাজ ব্যবস্থাকে প্রাধান্য দেয়। এরা আসলে কাফির। আল্লাহ, আল্লাহর দীন এবং মুঅমিনদের সাথে ধোকাবাজি করার কারণে এরা জঘন্যতম অপরাধী। তাদের ঠিকানা জাহান্নামের অতল গহ্বর তথা হাবিয়া দুজখে।